দৈনিক সংবাদ

২১/১০/২০০৫

তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

# চুয়াডাঙ্গায় দুর্নীতির অভিযোগে মাদ্রাসার অধ্যক্ষ বহিষ্কার

চুয়াডাঙ্গা থেকে নিজস্ব সংবাদদাতা ঃ চুয়াডাঙ্গার সিনিয়র আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ বদিউল আলমকে ভুয়া সার্টিফিকেট দেখিয়ে চাকরি গ্রহণ এবং বিভিন্ন দুর্নীতির অভিযোগে অধ্যক্ষের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। রেল বাজার মসজিদের ইমামতির পদ থেকেও তাকে অব্যাহতি দেয়া হয়। শনিবার মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও রাজস্ব) আবুল হোসেন। সভায় অধ্যক্ষের জাল সার্টিফিকেট, অর্থ আত্মসাৎসহ নানা অনিয়ম ও দুর্নীতি প্রাথমিকভাবে প্রমাণিত হয়। অডিট রিপোর্টেও তার বিরুদ্ধে নানা অভিযোগ উত্থাপন করা হয়।

**অবৈধ স্থাপনা উচ্ছেদ**

চুয়াডাঙ্গায় সড়ক ও জনপদ বিভাগ অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যাপক অভিযান শুরু করেছে। গত রোববার চুয়াডাঙ্গা শহরের বড় বাজার, বিজয় মঞ্চ, কাঁচা বাজারের সহস্রাধিক স্থাপনা বুলডোজারে গুঁড়িয়ে দেয়া হয়। শনিবার চুয়াডাঙ্গা-কালীগঞ্জ সড়কের দামুড়হুদা, দর্শনা এবং জীবননগরে প্রায় দেড় হাজার স্থাপনা উচ্ছেদ করা হয়।